

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

[সাধারণ আদেশ]



নথি নং- ০৮.০১.০০০০.০০০.০৫৬.২২.০০০২.২৫/

তারিখ: ৩০/০৯/২০২৬ খ্রি।

বিষয়: বস্ত্র খাতের আওতাভুক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে যুগপৎ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক হিসেবে নতুন ওয়্যারহাউস লাইসেন্সের আবেদন এবং বিদ্যমান ওয়্যারহাউস লাইসেন্সে সরাসরি রপ্তানিকারকের পাশাপাশি প্রচ্ছন্ন রপ্তানিকারক কিংবা প্রচ্ছন্ন রপ্তানিকারকের পাশাপাশি সরাসরি রপ্তানিকারক সংযোজন করিয়া ওয়্যারহাউস লাইসেন্সের পরিস্থিতি পরিবর্তনের ক্ষেত্রে বিনিয়োগ বোর্ডের পরিবর্তে ইনভেস্ট বাংলাদেশ বা পোষক কর্তৃপক্ষের সুপারিশ দাখিলকরণ।

সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর বিধি ১২ মোতাবেক যুগপৎ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক হিসেবে ওয়্যারহাউস লাইসেন্সের আবেদন এবং ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বিদ্যমান লাইসেন্সের ক্ষেত্রে সরাসরি রপ্তানিকারকের পাশাপাশি প্রচ্ছন্ন রপ্তানিকারক বা প্রচ্ছন্ন রপ্তানিকারকের পাশাপাশি সরাসরি রপ্তানিকারক সংযোজন করিয়া ওয়্যারহাউস লাইসেন্সের পরিস্থিতি পরিবর্তনের বিষয় ব্যবস্থিত হয়। বস্ত্র খাতের আওতাভুক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে-

০২। উক্ত বিধিমালার বিধি ১২ এর উপ-বিধি (৩) মোতাবেক যুগপৎ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক হিসেবে নতুন ওয়্যারহাউস লাইসেন্সের আবেদনের ক্ষেত্রে বিনিয়োগ বোর্ডের পরিবর্তে ইনভেস্ট বাংলাদেশ বা পোষক কর্তৃপক্ষের সুপারিশে “সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক” প্রতিষ্ঠান মর্মে উল্লেখ থাকিতে হইবে।

০৩। উক্ত বিধিমালার বিধি ১২ এর উপ-বিধি (৪) মোতাবেক বিদ্যমান ওয়্যারহাউস লাইসেন্সের ক্ষেত্রে সরাসরি রপ্তানিকারকের পাশাপাশি প্রচ্ছন্ন রপ্তানিকারক কিংবা প্রচ্ছন্ন রপ্তানিকারকের পাশাপাশি সরাসরি রপ্তানিকারক সংযোজন করিয়া ওয়্যারহাউস লাইসেন্সের পরিস্থিতি পরিবর্তনের ক্ষেত্রে বিনিয়োগ বোর্ডের পরিবর্তে ইনভেস্ট বাংলাদেশ বা পোষক কর্তৃপক্ষ হইতে সংশোধনী গ্রহণ করিয়া লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করিতে হইবে।

০৪। উক্ত বিধিমালার বিধি ১২ এর উপ-বিধি (৫) মোতাবেক বিনিয়োগ বোর্ডের পরিবর্তে ইনভেস্ট বাংলাদেশ বা পোষক কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে উভয়বিধ কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃতব্য সকল উপকরণ ও উৎপাদিত পণ্যের বিবরণ ও এইচএস কোড ওয়্যারহাউস লাইসেন্সে অন্তর্ভুক্ত করিয়া লইতে হইবে।

০৫। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৩৩ এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে:-

স্বাঃ-

[কাজী রায়হানুজ্জামান]

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল: ssbondnbr@gmail.com

উপ-পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।

(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান, ইনভেস্ট বাংলাদেশ, বিনিয়োগ ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বেপজা কমপ্লেক্স, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ০৪-০৬। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ০৭। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, মোংলা।
- ০৮-২৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
- ২৪। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
- ২৫-২৭। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ২৮। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৯। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
- ৩০-৩৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
- ৩৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সাধারণ আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩৬। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩৭। প্রশাসক, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল, ঢাকা।
- ৩৮। সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
- ৩৯। সভাপতি, বাংলাদেশ নিটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
- ৪০। সভাপতি, বাংলাদেশ প্যাকেজিং এন্ড অ্যাক্সেসরিজ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিএমইএ), ২৭৩/৩, পশ্চিম মানিকদী, ইসিবি চত্বর, ডিওএইচএস লিংক রোড, ঢাকা।
- ৪১। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), লেভেল-৬, ইউটিসি ভবন, পাশ্চপথ, কাওরান বাজার, ঢাকা।
- ৪২। সভাপতি, বাংলাদেশ ডাইড ইয়ার্ন এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিডিওয়াইইএ), ইরেস্টর হাউস (১০ম তলা), ১৮, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানি বা/এ, ঢাকা।
- ৪৩। সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ), ৬ষ্ঠ তলা, সুইট-৬০৩/৬০৪, পল্টন টাওয়ার, ৮৭, পুরাতন পল্টন লাইন, ঢাকা।
- ৪৪। সভাপতি, বাংলাদেশ লেবেল ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিএলএমইএ), ইরেস্টর হাউস (১০ম তলা), ১৮, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানি বা/এ, ঢাকা।
- ৪৫। ব্যবস্থাপনা পরিচালক, রিভ সেন্টার, প্লট-৯৪, পূর্বাচল এক্সপ্রেস হাইওয়ে, ডুমনি, খিলক্ষেত, ঢাকা।
- ৪৬-৪৭। অফিস কপি/গার্ড কপি।


৩০.০৯.২৬
[কাজী রায়হানুজ্জামান]

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)